

## স্টাডি মেটিরিয়াল

### ১. প্রাথমিক বা মুখ্য গোষ্ঠীর বৈশিষ্ট্যগুলি লেখ।

**প্রাথমিক বা মুখ্য গোষ্ঠী (Primary Group):** মুখ্য গোষ্ঠী হচ্ছে প্রত্যক্ষ পরিচয়-ভিত্তিক গোষ্ঠী বা মুখোমুখি গোষ্ঠী (face to face group) | বলেন, 'প্রাথমিক গোষ্ঠীর বৈশিষ্ট্য হল, মুখোমুখি পরিচয়ের মাধ্যমে সদস্যদের মধ্যে নিবিড় একে নব সম্পর্ক ও সহযোগিতা। ম্যাকআইভার ও পেজ প্রাথমিক গোষ্ঠীর সংজ্ঞায় বলেন প্রাথমিক গোষ্ঠী হচ্ছে সমাজজীবনের আদিম ও সরলতম সর্বজনীন মৌল গোষ্ঠী যেখানে সীমিত সংখ্যক ব্যক্তি মুখোমুখি সম্পর্কে আবদ্ধ হয় এবং যার উদ্দেশ্য হচ্ছে সদস্যদের পারস্পরিক সঙ্গলাভ, পারস্পরিক সহায়তা, সবার স্বার্থ নিয়ে আলোচনা, অথবা সবার স্বার্থরক্ষার জন্য কোন উপায় আবিষ্কার ও তাকে কাজে লাগানো।

### বৈশিষ্ট্য:

- (১) এই গোষ্ঠীর ভিত্তি হল মুখোমুখি বা প্রত্যক্ষ পরিচয়। প্রত্যক্ষ পরিচয়ের নিবিড় বন্ধনে সদস্যরা পরস্পরের সঙ্গে যুক্ত থাকে।
- (২) প্রাথমিক গোষ্ঠীর সদস্যসংখ্যা সীমিত হয়, অন্যথায় সদস্যদের মধ্যে মুখোমুখি সম্পর্ক স্থাপিত হতে পারে না।
- (৩) গোষ্ঠীর প্রধান লক্ষ্য বা উদ্দেশ্য হল ব্যক্তিগত সান্নিধ্য ও সাহচর্য লাভ। অন্য কোন লক্ষ্য প্রাধান্য পেলে সেই গোষ্ঠীকে আর 'প্রাথমিক' বা 'মুখ্য' বলা যাবে না। ক্রেতা-বিক্রেতার সম্পর্ক, ছাত্র-শিক্ষকের সম্পর্ক মুখোমুখি হলেও ব্যক্তিগত সান্নিধ্য বা সাহচর্য সেখানে লক্ষ্য নয়, উপলক্ষ্যমাত্র, এবং সে কারণে এপ্রকার সম্বন্ধ প্রাথমিক গোষ্ঠীর ভিত্তি হতে পারে না।
- (৪) ব্যক্তিগত সম্পর্ক মুখ্য উদ্দেশ্য হওয়ায় প্রাথমিক গোষ্ঠীগুলি স্বতঃস্ফূর্তভাবে গড়ে ওঠে, কোন বৈষয়িক প্রয়োজনবোধে নয়।
- (৫) প্রাথমিক গোষ্ঠীতে ব্যক্তিস্বার্থের পরিবর্তে গোষ্ঠীস্বার্থ প্রাধান্য পায় এবং ব্যক্তি নিজেকে গোষ্ঠীর সঙ্গে অভিন্ন মনে করে।
- (৬) প্রত্যক্ষ, ব্যক্তিগত ও অন্তরঙ্গ সম্বন্ধের ওপর নির্ভরশীল বলে প্রাথমিক গোষ্ঠী সমাজজীবনের চিরন্তন ভিত্তি।
- (৭) সাধারণত প্রাথমিক গোষ্ঠীর সাংগঠনিক ব্যবস্থা তেমন জোরালো।